সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র **জুলাই-সেপ্টেম্বর, ২০১৯** ত্রৈমাসিক সভার (২০১৯-২০২০ অর্থ বছরের **১ম** সভা) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ৩০ সেপ্টেম্বর, ২০১৯ রোজ সোমবার |
| স্থান | : | মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির **জুলাই-সেপ্টেম্বর, ২০১৯** ত্রৈমাসিকের সভা (২০১৯-২০২০ অর্থ বছরের **১ম** সভা) ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ অনুসরণ করে এই ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন করে ২৫/০৬/২০১৯ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় আরও উল্লেখ করা হয় যে, এই কর্মপরিকল্পনা ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০১৯-২০২০) বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটসমূহে **জুলাই-সেপ্টেম্বর, ২০১৯** ত্রৈমাসিকে কর্মকর্তা/কর্মচারীদের সুশাসন/শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান শুদ্ধাচার বিষয়ে প্রেরিতব্য ত্রৈমাসিক প্রতিবেদনে এইসকল বিষয়াদি প্রমাণকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত ''ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। **জুলাই-সেপ্টেম্বর, ২০১৯** ত্রৈমাসিকের জন্য ২৬ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ৩০নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩) ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সোনালী ব্যাংক লিমিটেড ১০০ নম্বরের উদ্দেশ্যসমূহের মধ্যে ৯৪.৪৫% নম্বর নিয়ে অতি উত্তম মান প্রাপ্ত হয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ১ম স্থান অর্জন করে এবং সকল বাণিজ্যিক ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩য় স্থান অর্জন করেছে। এ বিষয়ে গত ০৮/০৯/২০১৯ তারিখে বিআইসিএম এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সেমিনারে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের নিকট হতে এ ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয় সাফল্যের স্বীকৃতিস্বরূপ ক্রেস্ট ও সার্টিফিকেট গ্রহণ করেন। সভায় উল্লেখ করা হয়, ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর (১.০০+০.৫০) মোট ১.৫০ নম্বর বরাদ্দ ছিল। এবারে ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর ২.২.১নং এবং ২.২.২নং ক্রমিকে (১.০০+১.০০) মোট ২.০০ নম্বর বরাদ্দ রয়েছে।

(পরবর্তী পৃষ্ঠা-২)

৪) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী পুরস্কারপ্রাপ্তদের তালিকা এ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট, ২০১৮ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ৮ এর আলোকে এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য পরিচালনা পর্ষদের ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৬০৭তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.১.১ হতে ৩.১.৫ ক্রমিক পর্যন্ত এ ব্যাংকে ৫টি ক্যাটগরিতে ৫ জনকে সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের নিমিত্ত পরিচালনা পর্ষদে প্রয়োজনীয় অনুমোদনের জন্য স্মারক উপস্থাপন করা হলে ১৬ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ৬৪২তম সভায় সোনালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নোক্ত ৫ জন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের অনুমোদন দেওয়া হয় :

| ক্রমিক | পুরস্কারের ক্ষেত্র | নাম (ইনডেক্স নং) ও পদবি | কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | সিইও এন্ড এমডি/ ডিএমডি/ জিএম | জনাব এ এম শফিক (জি-২৬৬৭৫)<br>জেনারেল ম্যানেজার (পিআরএল ভোগরত) | জিএম অফিস, বরিশাল |
| ২। | ডিজিএম/এজিএম/ এসপিও | জনাব হাশেম আলি খাঁন (জি-২৭৫১৪)<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (পিআরএল ভোগরত) | বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রঃকাঃ, ঢাকা |
| ৩। | পিও/এসও/অফিসার | বেগম মাধবী চাকমা (জি-২৯৬৮৯)<br>অফিসার ক্যাশ | উত্তরা মডেল টাউন শাখা, ঢাকা |
| ৪। | কর্মচারী (জুনিয়র অফিসার হতে সাপোর্টিং সাব স্টাফ পর্যন্ত) পর্যায়ে | জনাব মোঃ আব্দুল মান্নান সরদার (জি-২১৯৫৪)<br>সাপোর্টিং স্টাফ গ্রেড-১ | আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট |
| ৫। | শাখা ব্যবস্থাপক পর্যায়ে | জনাব মোঃ আব্দুর রশিদ সরকার (জি-৩৬০০৭)<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার | বীরগঞ্জ শাখা, দিনাজপুর |

৫) সভায় বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট হিসেবে নৈতিকতা কমিটির সদস্য ও এ ব্যাংকের চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO) জনাব ওমর ফারুক খন্দকার'কে এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) এর ডেপুটি জেনারেল ম্যানেজারকে মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) সভাকে অবহিত করা হয় যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.২২৩.০৬.০০৪.১৯/৩৬ সংখ্যক পত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানে যেসব উত্তম চর্চা (Best Practices) অনুসরণ করা হচ্ছে তার একটি তালিকা প্রেরণে নির্দেশনা দেওয়া হয়। সে প্রেক্ষিতে ২৪.০৯.২০১৯ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড এর অনুসৃত উত্তম চর্চাসমূহ (Best Practices) হিসেবে Sonali Payment Gateway (SPG), Sonali Sheba ও Online Government Transaction এর বিষয়ে তথ্য হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ২৩৫৫ সংখ্যক পত্র ও ইমেইলের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি,
সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

## ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ **নৈতিকতা কমিটির** ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুম)

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব মোঃ এবনুজ জাহান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য | |
| ৩ | জনাব মোঃ শামীমুল হক,<br>জেনারেল ম্যানেজার,<br>মানি লন্ডারিং, টেরোরিজম ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ভিজিল্যান্স ডিভিশন | সদস্য | |
| ৪ | জনাব মোঃ আবুল হাসেম,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | |
| ৫ | জনাব ওমর ফারুক খন্দকার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO),<br>ইনফরমেশন টেকনোলজি ডিভিশন | সদস্য | |
| ৬ | জনাব মোঃ সিরাজুল ইসলাম,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |
| ৭ | জনাব মোঃ আনোয়ার কাদের চৌধুরী,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন | | |
| ৮ | জনাব মোঃ শওকত জামান,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |
| ৯ | জনাব তুহিন কান্তি হালদার,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |
| ১০ | জনাব মোঃ মারুফ হায়দার খান,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |